গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০৪৭.১৯-৭৭ তারিখ: ২৪.০১.২০২১খ্রি:

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন শয্যাবিশিষ্ট হাসপাতাল এবং মেডিকেল কলেজ ও হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট আপ প্রণয়ন সংক্রান্ত।

| | |
|---|---|
| সভাপতি | : জাহিদ মালেক<br>মন্ত্রী<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ১৪.০১.২০২১ খ্রি: |
| সভার সময় | : বেলা ০১.৩০ টা। |
| সভার স্থান | : কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় অনেক হাসপাতালের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং সে সাথে প্রয়োজনীয় যন্ত্রপাতিও সরবরাহ করা হয়েছে। নতুন নতুন অবকাঠামো ও শয্যা বৃদ্ধি করা হলেও সে অনুপাতে পদ সৃজন ও জনবল নিয়োগ করা হয়নি। বর্তমানে ২০০৮ সালের স্ট্যান্ডার্ড সেট আপ অনুযায়ী পদ সৃজন করা হচ্ছে। বর্তমান প্রেক্ষাপটে ২০২১ সালে পদার্পন করে ২০০৮ সালের সেট আপ অনুযায়ী পদ সৃজন করার কারণে সমস্যার তেমন কোন সমাধান হচ্ছে না। তিনি ২০২১ সালের স্ট্যান্ডার্ড সেট আপ যুগোপযোগী করে প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আগামী ১০ বছরকে সামনে রেখে প্রস্তাবিত স্ট্যান্ডার্ড সেট আপে বেড ভিত্তিক ক্লিনিক্যাল পদ এবং একাডেমিক পদের সমন্বয়ে সাপোর্টিং স্টাফসহ প্রণয়নের প্রয়োজন মর্মে জানান। তিনি দুটি বিভাগের অধীন অধিদপ্তর/ইনস্টিটিউশন/বিএসএমএমইউসহ অন্যান্য স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের বিশেষজ্ঞ ও অভিজ্ঞদের সমন্বয়ে প্রয়োজনে টিম গঠন করে ১০/২০/৩১/৫০/১০০/১৫০/২০০/২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল এবং ৫০০/১০০০/১৫০০/২০০০/২৫০০/৩০০০/৩৫০০/৫০০০ শয্যা বিশিষ্ট মেডিকেল কলেজ ও হাসপাতালসমূহের ছাত্রসংখ্যা ও শয্যাসংখ্যার সাথে সামঞ্জস্য রেখে আগামী ১ (এক) মাসের মধ্যে স্ট্যান্ডার্ড সেট আপ চূড়ান্তভাবে প্রণয়নের নির্দেশনা দেন। তিনি আরও বলেন যে, প্রণীত স্ট্যান্ডার্ড সেট আপ হবে visionary কিন্তু বাস্তবতা বিবর্জিত হবে না।

০২। সভাপতি বিভিন্ন প্রতিষ্ঠানে শূণ্য পদ পূরণ এবং প্রয়োজনীয় সকল ক্যাটাগরির পদ সৃজনের বিষয়ে গুরুত্বারোপ করেছেন। শূন্য পদসমূহ পূরণ করে সকল ক্যাটাগরিতে পদ সৃজন ও নিয়োগের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। তিনি বলেন বর্তমানে এ্যানেসথেসিয়া বিষয়ে ৪৫০টি পদ এবং বেসিক বিষয়ে ৩৩০টি অনুমোদিত পদ রয়েছে। আরও ৫০০ জন এ্যানেসথেসিওলজিস্ট নিয়োগ করার প্রয়োজন মর্মে জানান। এ্যানেসথেসিয়া বিষয়ে ডিপ্লোমা, এফসিপিএস, এমডি ডিগ্রীধারীদের এবং বেসিক বিষয়ে কিভাবে চিকিৎসক নিয়োগ করা যায় সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

০৩। সভাপতি এতদ্বিষয়ে ১৫ (পনের) দিন পরে আলোচ্য বিষয়ে ফলোআপ মিটিং করবেন মর্মে অভিমত ব্যক্ত করেন।

০৪। সভাপতির অনুমতিক্রমে সচিব, সাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ জানান, ভবিষ্যৎ Stretagy কি হবে সে বিষয়টি বিবেচনায় রেখে ছাত্রসংখ্যার অনুপাতে ৫০০ বেডের মেডিকেল কলেজের স্ট্যান্ডার্ড সেট আপ প্রণয়নের কাজ এ বিভাগ থেকে প্রায় চূড়ান্তকরণ করা হচ্ছে। তিনি সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক পর্যায়ের পদে পদোন্নতি ও পদায়নের বিষয়ে দুই বিভাগের সমন্বয়ের প্রয়োজন মর্মে অভিমত দেন। এরপর তিনি স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্ব স্ব বিষয়ে উপস্থাপনের অনুরোধ করলে যুগ্মসচিব (পার) স্বাস্থ্য সেবা বিভাগ এবং উপসচিব (পার-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নিজ নিজ বিভাগের বিষয়বস্তু উপস্থাপন করেন।

০৫। অতপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন দুটি বিভাগের অধিদপ্তর/ইনস্টিটিউশন/বিএসএমএমইউসহ অন্যান্য স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের বিশেষজ্ঞ ও অভিজ্ঞদের সমন্বয়ে প্রয়োজনে টিম গঠন করে ১০/২০/৩১/৫০/১০০/১৫০/ ২০০/২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল এবং ৫০০/১০০০/১৫০০/২০০০/২৫০০/৩০০০/৩৫০০/৫০০০ শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ ও হাসপাতালসমূহের ছাত্রসংখ্যা ও শয্যাসংখ্যার সাথে সামঞ্জস্য রেখে আগামী ১০ বছরকে সামনে রেখে প্রস্তাবিত স্ট্যান্ডার্ড সেট আপে বেড ভিত্তিক ক্লিনিক্যাল পদ এবং একাডেমিক পদের সমন্বয়ে সাপোর্টিং স্টাফসহ আগামী ১ (এক) মাসের মধ্যে চূড়ান্তভাবে স্ট্যান্ডার্ড সেট আপ প্রণয়ন করতে হবে। প্রণীত স্ট্যান্ডার্ড সেট আপ হবে visionary কিন্তু বাস্তবতা বিবর্জিত নয়।

বাস্তবায়নে: স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

(খ) এ্যানেসথেসিয়ায় ডিপ্লোমা, এফসিপিএস, এমডি ডিগ্রীধারীদের এবং বেসিক বিষয়ে কিভাবে নিয়োগ করা যায় সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে চিকিৎসক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা সংশ্লিষ্ট শাখা গ্রহণ করবে।

বাস্তবায়নে: পার-২ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।

(গ) ২০২১ সালের স্ট্যান্ডার্ড সেট আপ প্রণয়নের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত ১৫ (পনের) দিন পরে পুনরায় সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: পার-৪ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।

২। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(জাহিদ মালেক)
সভাপতি ও মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০৪৭.১৯-৭৭/১(১৩) তারিখ: ২৪.০১.২০২১খ্রি:

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। যুগ্মসচিব (পার/এইচআর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। উপসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। উপসচিব (পার-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
১১। সিনিয়র সহকারী সচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁকে সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৪/০১/২০২১
রোকেয়া বেগম
উপসচিব